



বাংলাদেশ পর্যটন করপোরেশন
প্রশাসন বিভাগ, পর্যটন ভবন, প্লট: ই-৫ সি/১, পশ্চিম
আগারগাঁও, শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা
- ১২০৭।



সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সংক্রান্ত ১ম সভার কার্যবিবরণী

সভাপতি	মোহাম্মদ মাহফুজুর রহমান মহাব্যবস্থাপক
সভার তারিখ	৩০-০৯-২০২০ খ্রি.
সভার সময়	বেলা ১২:০০ ঘটিকা
স্থান	ভিডিও কনফারেন্সিং (Zoom Cloud), বাপক, প্রধান কার্যালয়
উপস্থিতি	ভিডিও কনফারেন্সিং (Zoom Cloud) রেকর্ড

২। সভাপতি অংশগ্রহণকারী সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি জনাব রমেন্দ্র নাথ মন্ডল, উপব্যবস্থাপক (প্রশাসন) ও বাপক-এর APA টিমের ফোকাল পয়েন্ট-কে সভা সঞ্চালনা, সভা আহবানের উদ্দেশ্য ও অন্যান্য বিষয় বিস্তারিতভাবে উপস্থাপনের জন্য নির্দেশ প্রদান করেন।

সভাপতির নির্দেশনা অনুসরণে জনাব মন্ডল ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের কার্যক্রম [১.২] এর লক্ষ্য অর্জনে (জুলাই-সেপ্টেম্বর-২০২০) অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে আয়োজিত সভায় অংশগ্রহণকারীদের উন্মুক্ত আলোচনার আহবান জানান। এ পর্যায়ে জনাব সুভাষ চন্দ্র নন্দী, ব্যবস্থাপক, বাপক, কুয়াকাটা; জনাব মোঃ মোতাহার হোসেন, ইউনিট ব্যবস্থাপক, বাপক, রাজশাহী; জনাব মোঃ সালাম শেখ, ইউনিট ব্যবস্থাপক, বাপক, দিনাজপুর; জনাব মোঃ সাজ্জাদ হোসাইন, ইউনিট ব্যবস্থাপক, বাপক, বগুড়া ও জনাব মোঃ আলী আজম মিয়া, উপব্যবস্থাপক, বাপক, রাজশাহী আলোচনায় অংশ নিয়ে তাঁদের সুচিন্তিত মতামত ব্যক্ত করেন।

৩। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) জানুয়ারি ২০২১ মাসে ২য় সভার আয়োজন করতে হবে;

(খ) সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত 'সিটিজেন চার্টার' হালনাগাদকরণ ও দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ মাহফুজুর রহমান
মহাব্যবস্থাপক

স্মারক নম্বর: ৩০.৩২.০০০০.০২১.০৬.০০৪.২০.৫৮২

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৭

০৩ অক্টোবর ২০২০


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন

২) মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), মহাব্যবস্থাপক (ডিএফও) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন

৩) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (পূর্ত) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন

- ৪) মহাব্যবস্থাপক , মহাব্যবস্থাপক (বিপণন) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৫) মহাব্যবস্থাপক , মহাব্যবস্থাপক (পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৬) অধ্যক্ষ (এনএইচটিআই) (ভারপ্রাপ্ত), মহাব্যবস্থাপক (অধ্যক্ষ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৭) ব্যবস্থাপক/ইউনিট ব্যবস্থাপক, (সকল), বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৮) ব্যবস্থাপক (পূর্ত), [আইসিটি সংযুক্ত], আইসিটি বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন- ওয়েসবাইটে প্রকাশের জন্য
- ৯) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন- চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য
- ১০) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা , পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন- পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য
- ১১) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন- পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য
- ১২) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন- পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য



রমেন্দ্র নাথ মন্ডল
উপব্যবস্থাপক